দৈনিক ইত্তেফাক
তারিখ 12 NOV 1997
পৃঃ 2 কলাম 5

13

## ছাত্র রাজনীতির নামে সন্ত্রাসী কার্যকলাপের বিরুদ্ধে অভিভাবক শিক্ষক ও ছাত্রদের উদ্বেগ প্রকাশ করিতে হইবে

...... প্রেসিডেন্ট

বাসস ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় এ্যালামনী এসোসিয়েশনের ১৩ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল মঙ্গলবার বঙ্গভবনে প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সঙ্গে সাক্ষাত করেন এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক

(২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### প্রেসিডেন্ট

(১ম পৃঃ পর)

মোজাফফর আহমেদ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। দেশের অবনতিশীল শিক্ষা পরিবেশ সম্পর্কে প্রেসিডেন্টের উদ্বেগের প্রশংসা করিয়া প্রতিনিধিদলের সদস্যগণ বলেন যে, অভিভাবক, শিক্ষক, ছাত্র এবং সাধারণ মানুষ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শান্তিপূর্ণ ও শিক্ষার উপযোগী পরিবেশ নিশ্চিতকরণে প্রেসিডেন্টের উদ্যোগকে স্বাগত জানাইয়াছে। তাহারা বলেন যে, অতীতে ইস্যু ভিত্তিক এবং আদর্শবাদী ছাত্র রাজনীতি জনসাধারণের দাবী আদায়ে রাজনৈতিক নেতৃবৃন্দকে প্রভাবিত করিত। কিন্তু এক্ষণে পরিস্থিতি সম্পূর্ণ পাল্টাইয়া গিয়াছে এবং রাজনৈতিক দলগুলি তাহাদের নিজস্ব রাজনৈতিক স্বার্থে ছাত্রদের ব্যবহার করিতেছে।

প্রতিনিধিদলের সদস্যগণ অভিমত দেন যে, কেন্দ্রীয় এবং হল সংসদগুলির নির্বাচন নিয়মিত অনুষ্ঠিত হওয়া উচিত এবং আপাতত শুধু মেধাসম্পন্ন ছাত্রদের নির্বাচনে অংশ গ্রহণের ব্যবস্থা বাধ্যতামূলক হওয়া উচিত। তাহারা আরও অভিমত দেন যে, ছাত্ররা যাহাতে নির্বিঘ্নে তাহাদের পড়াশুনা করিতে পারে তজ্জন্য শিক্ষার শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টির অনুকূলে জনমত সংগঠনের জন্য সমন্বিত প্রয়াস চালাইতে হইবে। তাহারা প্রেসিডেন্টকে এসোসিয়েশনের দীর্ঘ ইতিহাস অবহিত করাইয়া বলেন যে, ইতিমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত জমিতে এসোসিয়েশনের একটি ভবন নির্মাণে প্রেসিডেন্ট সাহায্য ও সহযোগিতা দান করিলে তাহারা কৃতজ্ঞ থাকিবেন।

প্রেসিডেন্ট সাহাবুদ্দিন আহমদ ছাত্র রাজনীতির বর্তমান অবস্থা সম্পর্কে তাহাদের উদ্বেগের প্রশংসা করেন এবং বলেন যে, ছাত্র রাজনীতির নামে সন্ত্রাসী কার্যকলাপের বিরুদ্ধে অভিভাবক, শিক্ষক ও ছাত্রদের তাহাদের উদ্বেগ প্রকাশ করিতে হইবে। রাজনৈতিক নেতৃবৃন্দকে ভাবিতে হইবে এবং সংখ্যাগরিষ্ঠ জনসাধারণের ইচ্ছানুযায়ী যাঁহারা চান সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস কাজ করিতে হইবে।